
তিনদিনের আন্তর্জাতিক পর্যায়ের আন্তর্জালিক আলোচনাচক্র

# দ্বিশতবর্ষ পূর্তিতে অক্ষয়কুমার দত্ত ও বিদ্যাসাগর

# প্রসঙ্গ যুক্তিবাদ ও মুক্তচিন্তা





**২৫-২৭ সেপ্টেম্বর ২০২০**

**আমন্ত্রিত বক্তা**

**রামকৃষ্ণ ভট্টাচার্য**
ফেলো, পাভলভ ইনস্টিটিউট, কলকাতা

**মানসপ্রতিম দাস**
অনুষ্ঠান-প্রযোজক, আকাশবাণী কলকাতা

**পীযুষকান্তি সরকার**
প্রাবন্ধিক-গবেষক

**মুহম্মদ সাইফুল ইসলাম**
অধ্যাপক, ফোকলোর বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

**আশীষ লাহিড়ী**
গবেষক-অনুবাদক

আলোচনাসভায় নাম নথিভুক্তিকরণ ও গবেষণাপত্র উপস্থাপনের জন্য :

https://forms.gle/4EBJQAazNiuM4UjeA

**যুগ্ম-কার্যনির্বাহী সম্পাদক**
নীলরতন সরকার  দেবস্মিতা শীট

**যোগাযোগ**

৯৪৩৩৯৫৭৭৭১  ৯৪৩৪৪১৪১৩২


pkcollege.bengali@gmail.com

**নিয়মিত আপডেটের জন্য**
https://t.me/joinchat/ReL3oRjVeVbYHkCs17zBAA


আয়োজক : বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ
সহযোগিতা : **আভ্যন্তরীণ উৎকর্ষ নির্ণায়ক শাখা**
প্রভাত কুমার কলেজ, কাঁথি

## প্রভাতকুমার কলেজ, কাঁথি
## বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

### তিনদিনের আন্তর্জাতিক পর্যায়ের আন্তর্জালিক আলোচনাচক্র



# দ্বিশতবর্ষ পূর্তিতে অক্ষয়কুমার দত্ত ও বিদ্যাসাগর
# প্রসঙ্গ যুক্তিবাদ ও মুক্তচিন্তা



### বিষয়ভিত্তিক প্রস্তাবনা

বর্তমান বছরে অক্ষয়কুমার দত্ত ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দ্বিশতবর্ষ পূর্ণ হতে চলেছে। এই ঘটনাটি মাথায় রেখেই কাঁথি প্রভাত কুমার কলেজের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ কলেজের আভ্যন্তরীণ উৎকর্ষ নির্ণায়ক শাখার সহযোগিতায় তিনদিনের একটি আন্তর্জাতিক পর্যায়ের আন্তর্জালিক আলোচনাসভার আয়োজন করতে চলেছে। এই সভায় অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগরের জীবন ও কর্মের পাশাপাশি বর্তমান সময়ে তাঁদের প্রাসঙ্গিকতাই মূল আলোচ্য।

উনিশ শতকের বাংলাদেশ পশ্চিমী সংস্কৃতির স্পর্শে যে বহুবিধ সামাজিক ও সাংস্কৃতিক বাঁকবদলের মুখোমুখি হয়, তার একটি কেন্দ্রীয় অভিমুখ ছিলো যুক্তিবাদ ও মুক্তচিন্তার অন্তর্লীন প্রসার। এই দুটি ক্ষেত্রে অক্ষয়কুমার ও বিদ্যাসাগরের ভূমিকা পথপ্রদর্শকের। কিন্তু বিংশ শতাব্দীতে অক্ষয় দত্ত চর্চার প্রবণতা যেমন লক্ষণীয়ভাবে হ্রাস পেয়েছে, তেমনি বিদ্যাসাগর চর্চার ক্ষেত্রও অপরিমেয়ভাবে সংকুচিত হয়েছে। একুশ শতকে খানিকটা হলেও বিস্মৃতির অতল থেকে অক্ষয় দত্ত উঠে এসেছেন, কিন্তু আমাদের বিদ্যাসাগর-চর্চা এখনো সমাজ-সংস্কার, দানশীলতা ও সাহিত্যকৃতির মূল্যায়নের মধ্যেই সীমাবদ্ধ। অথচ তাঁর এইসকল কীর্তির নির্বিকল্প আধার ছিলো তাঁর যুক্তিবাদী মনন, তর্কপ্রিয় মানসিকতা। ভারতীয় বস্তুবাদী আদর্শের সঙ্গে দুজনেই সাদরে গ্রহণ করেছিলেন নবলব্ধ পশ্চিমী যুক্তিশীল মননচর্চার আধুনিকতম প্রকরণ। যুক্তিবাদ ও মুক্তচিন্তা— বর্তমান আলোচনা সভা মূলত এই দুই অচর্চিত ক্ষেত্রেই আ্লোকপাত করতে চায়। বিশেষত ভারত-বাংলাদেশ সহ সমস্ত উপমহাদেশে আজ যুক্তিবাদ ও মুক্তচিন্তা বিরোধী শক্তিগুলি যেভাবে ক্রমশ ক্রিয়াশীল হয়ে উঠছে, তাতে এই বিষয়গুলির চর্চা ও ছাত্রছাত্রীদের সঙ্গে এর পরিচয় করানো একান্ত জরুরি। সূচক বক্তৃতাসহ পাঁচটি আমন্ত্রিত বক্তৃতা ছাড়াও এই আলোচনাসভা ছাত্র-গবেষক-অধ্যাপক তথা সাধারণ অংশগ্রহণকারীদের কাছ থেকে মৌলিক গবেষণামূলক নিবন্ধ আহ্বান করছে।

**শুধুমাত্র নিম্নলিখিত সংশ্লিষ্ট বিষয়গুলিতেই গবেষণাপত্রর সংক্ষিপ্তসার পাঠানো যাবে**

**১. ভারতীয় বস্তুবাদ ও পশ্চিমী যুক্তিবাদের প্রেক্ষিতে অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগরের চেতনালোক**

**২. উনিশ শতকের যুক্তিবাদ বনাম ধর্মীয় পরিসরের প্রেক্ষিতে অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগরের মূল্যায়ন**

**৩. বৈজ্ঞানিক পরিভাষা চর্চা ও বাঙালির বিজ্ঞানমনস্কতার প্রসারে অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগর**

**৪. তার্কিক বাংলা গদ্যের উত্তরাধিকার ও অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগর**

**৫. অক্ষয়কুমার দত্ত ও বিদ্যাসাগরের বিশেষ কোনো রচনার যুক্তিবাদী পাঠ**

**৬. তিন শতাব্দীর অক্ষয়কুমার দত্ত-বিদ্যাসাগর চর্চার মূল্যায়ন**

**৭. একুশ শতকে অক্ষয়কুমার দত্ত ও বিদ্যাসাগরের প্রাসঙ্গিকতা**

## সংক্ষিপ্তসার পাঠানোর নিয়মাবলি

১. সংক্ষিপ্তসার অবশ্যই ৩০০ শব্দের মধ্যে হওয়া চাই।

২. বাংলা বা ইংরাজিতে লেখা সংক্ষিপ্তসার কোনো ইউনিকোড লিপিতে টাইপ করে পাঠাতে হবে।

৩. সংক্ষিপ্তসারের শেষে আলাদা করে সূচক শব্দের উল্লেখ করতে হবে। বিষয়ের অভিমুখ অনুযায়ী সর্বাধিক পাঁচটি সূচক শব্দ রাখা যেতে পারে।

৪. প্রস্তাবিত গবেষণাপত্রটি কোন উপবিষয়ের (Sub-theme) অন্তর্ভুক্ত তার স্পষ্ট উল্লেখ থাকা চাই।

৫. শুধুমাত্র ওয়ার্ড ফাইলই গৃহীত হবে।

৬. আলোচনাচক্রে গৃহীত ও উপস্থাপনের জন্য মনোনীত গবেষণাপত্রের তালিকা কলেজের ওয়েবসাইটে প্রকাশিত হবে ২৩ সেপ্টেম্বর, ২০২০।

## সেমিনারে অংশগ্রহণকারীদের জন্য সাধারণ নির্দেশিকা

১. সেমিনার বাংলা বিভাগের ইউটিউব চ্যানেলে সরাসরি সম্প্রচারিত হবে। চ্যানেলের লিঙ্ক : https://www.youtube.com/channel/UCSWPGwvJ0RKYXqs-mPLgoLw

২. সাধারণ অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করার প্রয়োজন নেই। অংশগ্রহণকারী হিসেবে যাঁরা সার্টিফিকেট চান, এবং যাঁরা গবেষণাপত্র পাঠাতে চান তাঁরা ২২ সেপ্টেম্বরের মধ্যে এই লিঙ্কে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করবেন : https://forms.gle/QJ4QUY6erhyzUrp26

৩. সেমিনার সংক্রান্ত তথ্য আদানপ্রদানের জন্য নাম-নথিভুক্তকরণের পর অংশগ্রহণকারীদের এই টেলিগ্রাম গ্রুপে যোগ দিতে অনুরোধ করা হচ্ছে : https://t.me/joinchat/ReL3oRjVeVbYHkCs17zBAA

৩. বক্তৃতা ও গবেষণাপত্র উপস্থাপন পর্ব শেষ হলে নির্ধারিত সময়ের মধ্যে ফিডব্যাক ফর্ম পূরণ করতে হবে। সার্টিফিকেট তাঁরাই পাবেন সবকটি ফিডব্যাক ফর্মই যাঁরা পূরণ করবেন।

৪. ফিডব্যাক ফর্ম ও আনুষঙ্গিক তথ্য আদানপ্রদানের জন্য একটি সেমিনারের টেলিগ্রাম group যোগ দিতে হবে।

৫. সেমিনার শেষ হবার এক মাসের মধ্যে সার্টিফিকেট দেওয়া হবে।

৬. সেমিনার সংক্রান্ত খোঁজখবরের জন্য কার্যনির্বাহী সম্পাদকদ্বয়ের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। নীলরতন সরকার : ৯৪৩৩৯৫৭৭৭১ দেবস্মিতা শীট : ৯৪৩৪৪১৪১৩২। অথবা বিভাগে লেখা যেতে পারে : pkcollege.bengali@gmail.com

# অ নু ষ্ঠা ন সূ চি

## ২৫ সেপ্টেম্বর ২০২০ ।। রবিবার


বেলা ১১-টা : উদ্বোধনী সভা

অধ্যক্ষের কথা : **অমিতকুমার দে**

আভ্যন্তরীণ উৎকর্ষ নির্ণায়ক শাখার সঞ্চালকের কথা : **প্রদীপ্ত পঞ্চাধ্যায়ী**

সূচক বক্তৃতা : রামকৃষ্ণ ভট্টাচার্য, ফেলো, পাবলভ ইন্সটিটিউট

ধন্যবাদ জ্ঞাপন : **মনোরঞ্জন গোস্বামী**, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ



## ২৬ সেপ্টেম্বর ২০২০ ।। সোমবার

বেলা ১১-টা : প্রসঙ্গ বিদ্যাসাগর

**মানসপ্রতিম দাস**, অনুষ্ঠান-প্রযোজক,
আকাশবাণী কলকাতা

**পীযুষকান্তি সরকার**, প্রাবন্ধিক-গবেষক

বিকাল ৪-টে গবেষণাপত্র উপস্থাপন


## ২৭ সেপ্টেম্বর ২০২০ ।। মঙ্গলবার

বেলা ১১-টা : প্রসঙ্গ অক্ষয়কুমার দত্ত

**মুহম্মদ সাইফুল ইসলাম**, সহকারী অধ্যাপক, ফোকলোর বিভাগ,
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

**আশীষ লাহিড়ী**, গবেষক-অনুবাদক

বিকাল ৪-টে : গবেষণাপত্র উপস্থাপন



# সেমিনার কমিটি

## প্রধান পৃষ্ঠপোষক

**সৌমেন্দু অধিকারী**
সভাপতি, পরিচালন সমিতি

## প্রধান উপদেষ্টা

**অমিতকুমার দে**
অধ্যক্ষ

## উপদেষ্টামণ্ডলী

**ভুটানচন্দ্র ঘোষ**
সহযোগী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

**মনোরঞ্জন গোস্বামী**
সহযোগী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

**প্রদীপ্ত পঞ্চাধ্যায়ী**
সহযোগী অধ্যাপক
পদার্থবিদ্যা বিভাগ
ও সংযোজক
আভ্যন্তরীণ উৎকর্ষ নির্ণায়ক শাখা

**অলোক বাগ**
সহযোগী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

## যুগ্ম-সম্পাদক

**নীলরতন সরকার**
সহকারী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ,

**দেবস্মিতা শীট**
সহকারী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

## যুগ্ম-আহ্বায়ক

**দেবাশিস মণ্ডল**
সহকারী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ,

**দিবাকর মণ্ডল**
সহকারী অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ,

## সদস্য

**বিভাস মজুমদার**
সহকারী অধ্যাপক, গণিত বিভাগ

**দিব্যজিত্ মুখোপাধ্যায়**
সহকারী অধ্যাপক
ইংরাজি ভাষা ও সাহিত্য বিভাগ

**তাপস পয়ড়্যা**
অংশকালীন অধ্যাপক
বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ


PRABHAT KUMAR COLLEGE, CONTAI
Post- Karkuli, P.S.- Contai
Dist- Purba Medinipur 721 404, WB, India
Visit us : https://pkcollegecontai.ac.in/